



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৫.০১.২০২৫

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার (৫ জানুয়ারি) শিক্ষকদের জন্য ‘ওয়ার্কশপ অন এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল রাইটিং’ বিষয়ে দুইদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।

কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে আছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান এবং ফরেস্ট্রি অ্যান্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের অধ্যাপক ড. মো. ইফতেখার শামস।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, “বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে পরিচালিত অ্যাকাডেমিক ট্রান্সফরমেশন ফান্ড (এটিএফ) একটি ভালো ফান্ডিং সোর্স। প্রতিযোগিতার মাধ্যমে ফান্ডিং পাওয়ার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় থেকে সব ধরনের সহযোগিতা করা হবে। প্রতিটি ক্ষেত্রে আমাদের প্রোএকটিভ, আইডিয়া জেনারেট করা এবং টিমভিত্তিক কাজ করতে হবে। তিনি আরও বলেন, কোনো শিক্ষক যদি দেশি ও বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক (এমওইউ) করতে চায়, তাহলে বিশ্ববিদ্যালয় থেকে অতিরিক্ত ইতিবাচক সিদ্ধান্ত নেওয়া হবে।”

কর্মশালায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. নূর আলম।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে প্রকৌশল ও প্রযুক্তি, ব্যবসায় শিক্ষা এবং জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের শিক্ষকবৃন্দ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। আগামীকাল বিজ্ঞান এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের শিক্ষকগণ কর্মশালায় অংশগ্রহণ করবেন। সকাল ১০টায় শুরু হয়ে বিকাল ৪টা পর্যন্ত চলে। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্সুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বিশ্বব্যাংকের অর্থায়নে পরিচালিত “হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)” প্রজেক্টের আওতায় এটিএফ একটি সাব-প্রজেক্ট। এই প্রজেক্টে ৪ হাজার কোটি টাকা বরাদ্দ আছে। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণার জন্য ১ হাজার ২শ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। আগামী ১০ ফেব্রুয়ারির মধ্যে বিশ্ববিদ্যালয়গুলো থেকে প্রজেক্ট প্রপোজাল অনলাইন ও অফলাইনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে জমা দিতে হবে।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।